দৈনিক বাংলা

17

তারিখ ... 11 APR 1995
পৃষ্ঠা 1 কলাম 1

# হরতাল অবরোধে ঢাকা ভার্সিটি পরীক্ষার্থীদের দুর্ভোগ বাড়ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বিরোধী দলগুলোর হরতাল অবরোধের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স এবং মাস্টার্স পরীক্ষার্থীদের দুর্ভোগ বাড়ছে। বারবার পরীক্ষা স্থগিত হবার ফলে পরীক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতি এবং মানসিকতার পরিবর্তন ঘটছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও সেশনজটের আশংকা প্রকাশ করেছেন। অন্যদিকে বিসিএস পরীক্ষার্থীদের মধ্যে সংশয় বিরাজ করছে। বিসিএস পরীক্ষার্থীরা জানে না, কবে তাদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুবার অনার্স ও মাস্টার্স পরীক্ষার তারিখ পরিবর্তন করেছেন হরতাল ও অবরোধের কারণে। এছাড়া চলতি মাসের ৯, ১২ এবং ১৮ এপ্রিলের অনুষ্ঠিতব্য পরীক্ষার

(৪–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## হরতাল অবরোধে

( প্রথম পৃষ্ঠার পর )

তারিখও স্থগিত ঘোষণা করেছেন। এ পরীক্ষাগুলী কবে অনুষ্ঠিত হবে তার সঠিক তারিখ এখনও জানানো হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স এবং মাস্টার্স পরীক্ষা গত ১৪ জানুয়ারী শুরু হয় এবং মে মাসের দ্বিতীয় সপ্তাহে এই পরীক্ষা শেষ হবার কথা। কিন্তু কর্তৃপক্ষ এই অনাকাংক্ষিত হরতাল অবরোধের কারণে নির্দিষ্ট তারিখের মধ্যে পরীক্ষা নিতে পারেননি।

অন্যদিকে পাবলিক সার্ভিস কমিশন বিসিএস পরীক্ষার আবেদনপত্র জমা দেয়ার সময় ধার্য করেছেন আগামী ৬ জুন।

এদিকে প্রায় ১ হাজার ছাত্রছাত্রী বিসিএস পরীক্ষায় আবেদন করতে পারছেন না ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ সময়মত শেষ না হবার কারণে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের একজন ছাত্রী বললেন, অনার্স পরীক্ষা সঠিক সময়সূচীমত শেষ না হবার কারণে বিসিএস পরীক্ষার জন্য আবেদন করতে পারছি না।

এ পরিপ্রেক্ষিতে পরীক্ষার্থীরা তাদের ওপর নতুন করে সেশনজটের আশংকা করছেন। তারা দাবী করেছেন সরকারী ছুটি অথবা শুক্রবারে পরীক্ষা গ্রহণ করার। আবার কোন কোন পরীক্ষার্থী রাতের বেলা পরীক্ষা গ্রহণের কথাও বলেছেন। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কমিটির একজন সদস্য এ প্রসঙ্গে বলেন, এভাবে একের পর এক হরতাল অবরোধ চলতে থাকলে সেশনজট নিরসনে তৈরি একাডেমিক ক্যালেন্ডারও ব্যর্থতায় পর্যবসিত হবে।